# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ১২৫টি প্রতিষ্ঠানকে ৯.৪৫ লক্ষ টাকা জরিমানা

**১০ এপ্রিল ২০১৯ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪৭ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, নেত্রকোণা, শরীয়তপুর, রাজবাড়ী, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, টাঙ্গাইল, গোপালগঞ্জ, ফরিদপুর, গাজীপুর, মাদারীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, বাগেরহাট, খুলনা, মাগুরা, কুষ্টিয়া, ঝিনাইদহ, যশোর, সিলেট, ভোলা, কুমিল্লা, বগুড়া, রাজশাহী, নওগাঁ, কক্সবাজার, চুয়াডাঙ্গা, নোয়াখালী, পিরোজপুর, গাইবান্ধা, ঠাকুরগাঁও, বরিশাল, বরগুনা, রংপুর, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ ও মৌলভীবাজারে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানা, জনাব রজবী নাহার রজনী, জনাব ফাহমিনা আক্তার ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক কৃষি মার্কেট, কলাবাগান ও হাজারীবাগ এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে খুলনা খাবার ঘর, মায়ের দোয়া হোটেল, ডারলিং হোটেলকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রির অপরাধে মুন ফার্মা ও মুসলিম সুইটসকে যথাক্রমে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ও ২০,০০০/- (বিশ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে তানির মাংস বিতানকে ২,০০০/- (দুই হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মিরপুর ফার্মা, আলী জেনারেল স্টোর, শরিয়তপুর দই ঘর, ওয়ান স্টপ সুপার শপ, মধুবন মিষ্টান্ন ভান্ডার, বনফুল এন্ড কোং, এরাবিয়ান কেক এন্ড সুইটস ও বিক্রমপুর সুইটসকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ৭,০০০/- (সাত হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা ও ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ওয়ান স্টপ সুপার শপকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট **২,২৬,০০০/- (দুই লক্ষ ছাব্বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৪৩টি** বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধবিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **১০৮টি** প্রতিষ্ঠানকে **৭,০২,৮০০/- (সাত লক্ষ দুই হাজার আটশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে **৩টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৩ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

গত ১০ এপ্রিল ২০১৯ তারিখে **৪৭টি** বাজার তদারকি ও **৩টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১২৫টি** প্রতিষ্ঠানকে মোট **৯,৪৫,৮০০/- (নয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার আটশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে **৩ জন** অভিযোগকারীকে **৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-
আফরোজা রহমান
সহকারী পরিচালক
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থনীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কন্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।